জীবননগরে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযান অনুষ্ঠিত

জীবননগরে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলা পরিষধ ও উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ কার্যালয়ে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযান অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযানে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম রফিক, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাখি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডাঃ সুজন, উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, পৌর কাউন্সিলার জয়নাল আবেদীন, আবুল কাশেম, আপিল মাহমুদ প্রমুখ।

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ মাসিক সাধারন সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান সভাপতিত্বে মাসিক সাধারন সভায় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম (ইশা), মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা (লাকী), জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) জাবিদ হাসান, উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের

প্রধান, কেডিকে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস প্রমুখ।

ঝিনাইদহে তথ্য অফিসের উদ্যোগে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং মাদকাসক্তি, আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে জেলা তথ্য অফিস ঝিনাইদহ এর আয়োজনে কালীগঞ্জ উপজেলার কালুখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)।

সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক গোলক মজুমদার, কালীগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার মোঃ মাহমুদ হাসান ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার শাহানাজ পারভীন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের একমাত্র কামনা ছিলো বাংলাদেশের মানুষ যেন খাদ্য পায়, আশ্রয় পায় এবং উন্নত জীবনের অধিকারী হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও একইরূপ স্বপ্ন দেখেন। তিনি এদেশের মানুষের খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। বিশেষ এদেশের নারী সমাজের উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নানাবিধ যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি বক্তব্যে বিভিন্ন ক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরেন।

অন্যান্যের মধ্যে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি মোঃ ওয়াহিদুজ্জামান বক্তব্য প্রদান করেন। এ নারী সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার দুই শতাধিক নারী অংশগ্রহণ করেন।

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতিসভা অনুষ্ঠিত

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টূর্নামেন্টের প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার রাত ৮টার দিকে দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার কার্যালয়ে প্রস্তুতি সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সভাপতিত্বে প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্টু, উপজেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য শহিদ আজম সদু, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সাবেক ফুটবলার শরিফুল ইসলাম শরিফ, জাকির হোসেন, আশাদুল হক, নুরুজ্জামান নুরু, আজিজুল ইসলাম, ইনামুল হক, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য নওশাদ আলী, আমিনুল ইসলাম সন্টু, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা প্রতিনিধি মো মিরাজুল ইসলাম মিরাজ, সাংবাদিক মশিউর রহমান।

প্রস্তুতিসভায় টুর্নামেন্টে অংশগ্রহণকারী সকল দল কে সম্মানী প্রদানের বিষয়ে গুরুত্বপূর্ণ সীদ্ধান্ত গৃহীত হয়।

মেহেরপুর আমঝুপিতে জনসমবায় নারী দলের সমন্বয় সভা অনুষ্ঠিত

রবিবার সকাল দশটার দিকে আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র মউক এর হলরুমে জনসমবায় নারী দল নেতাদের নিয়ে এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি’র সহযোগিতায়, মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

দলনেত্রী রোজিনা খাতুনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। আলোচনায় আরো বক্তব্য রাখেন চাঁদবিল হালদারপাড়া নারী জনসমবায় দলের সেক্রেটারী শিউলি রানী, ক্যাশিয়ার সপ্তমী রানী ও চাঁদবিল দক্ষিণপাড়া নারী জনসমবায় দলের সভাপতি সাহেরা খাতুন । সভায় গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদন মূখী উন্নয়ন বিষয়ে সকলের অভিজ্ঞতা তুলে ধরা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

মিরপুরে “ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ “এর বর্ধিত সভা অনুষ্ঠিত

“ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ “এর বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে মিরপুর উপজেলার বহলবাড়ীয়া ইউনিয়নের সাহেবনগর সাতমাইল এলাকায় সংগঠনের নিজ কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন “ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ” এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ অধ্যাপক ডা: ইফতেখার মাহমুদ।

“ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ” এর সাধারণ সম্পাদক মওদুদ রাজীবের সঞ্চালনায় বক্তব্য রাখেন, ধুবইল ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ খেদ আলী, উপজেলা যুবলীগ নেতা পলাশ, ইয়াসিন-মাহমুদা স্মৃতি যুব পরিষদ মিরপুর উপজেলা শাখার আহবায়ক বিপুল হোসেন, সাহেবনগর এলাকার মল্লিক সমাজের প্রধান রেজাউল করিম, রাজা সরদার, মিরপুর মহিলা কলেজের সহকারী অধ্যাপক

রেজাউর রহমান, কম্পন প্রতিবন্ধী সংস্থার সভাপতি সোহেল রানা, সরদার সমাজের প্রধান শাহাবুদ্দিন সাবা, সাব্বির জামান সাবেক মেম্বার জহুরুল ইসলাম শুকুর, সমাজসেবক আসাদুজ্জামান মামুন, রবিউল ইসলাম মাষ্টার, সমাজসেবক তাজউদ্দিন আহমেদ,“ইয়াসিন-মাহমুদা স্মৃতি পরিষদ” এ বর্ধিত সভার আয়োজন করে।

চুয়াডাঙ্গা যুবলীগের তারুণ্য জয়যাত্রা সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা আওয়ামী যুবলীগের তারুণ্যের জয়যাত্রা সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা শহীদ হাসান চত্বরের মুক্তমঞ্চে এই তারুণ্যের জয়যাত্রা সমাবেশ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠান সভাটি সভাপতিত্ব করেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগের চুয়াডাঙ্গা জেলা শাখার আহ্বায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈন হাসান জোয়ার্দার। সভাটি আয়োজনে ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগ চুয়াডাঙ্গা জেলা শাখা।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক এ্যাড. ড. শামিম আল সাইফুল সোহাগ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য এম জাহাঙ্গীর আলম, এ্যাড. শাহারিয়ার কবির, জুবায়ের আহমেদ সাব্বির, প্রমুখ।

এছাড়াও সভায় উপস্থিত ছিলেন, জেলার বিভিন্ন ইউনিটের আওয়ামী যুবলীগের নেতাকর্মীরা।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের সদস্য শরিফ হোসেন দুদু, এ্যাডভোকেট তসলিম হাসান

ফিরোজ, আলমডাঙ্গা উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মনন্ড।

সভাটি সঞ্চায়লনা করেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার যুগ্ম আহ্বায়ক সামসুদ্দোহা মল্লিক হাসু ও জিল্লুর রহমান জিল্লু।অনুষ্ঠানের শুরুতে চুয়াডাঙ্গা জেলা যুব লীগের সকল নেতাকর্মিরা বিএনপির কালো হাত ভেঙে ফেলা হোক স্লোগান করতে করতে সভায় উপস্থিত হন। এরপর শুরু হয় সভার মুল আনুষ্ঠানিক পর্ব। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত করেন হাফেজ উমর ফারুক।

এসময় সভায় উপস্থিত বক্তারা বলেন, আজকের এই সভার মাধ্যমে আওয়ামী যুবলীগ আগামি জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে সফল ভুমিকা রাখবে। আগামী নির্বাচনের রাজপথ দখল করে রাখতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা হাতকে শক্তিশালী করতে হলে সবাইকে ঐক্যবদ্ধ হয় কাজ করতে হবে। প্রতিটি জেলায় জেলায় তারুণ্যের জয়যাত্রায় সভা শুরু হয়েছে। এই ভাবে বিএনপিকে প্রতাহিত করবো। বিএনপির সকল প্রকার সফল হতে দেব না। মিথ্যা ও অপপ্রচারে কোন কান দিবেন না। জামাত বিএনপিকে বলতে চাই। আওয়ামী যুবলীগের মাটি চুয়াডাঙ্গার ঘাঁটি। তারুণ্য এই জয়যাত্রায় মাধ্যমে যুবলীগ আগামি জাতীয় সংসদ নির্বাচনে অগণিত ভুমিকা রাখবে। সারা বাংলাদেশে নৌকার জয় চাই। শেখ হাসিনা আছে বলেই আজ বাংলাদেশ উন্নয়নের রোল মডেল হয়েছে। জনগণের ভাগ্যের পরিবর্তন করতে হলে শেখ হাসিনার ভোট দেন। বাংলাদেশের আওয়ামী লীগকে ভোট দিয়ে জয়যুক্ত করতে হবে। তাই সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। আওয়ামী লীগের সরকার পতন ঘটানো স্বপ্ন বাদ দিতে হবে বিএনপির। তথ্য নির্ভর বাংলাদেশ গড়েছে। সবাই একসাথে জবাব দিব বিএনপির।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু,আজাদ আলী,হাফিজুর রহমান হাপু,আবু বক্কর সিদ্দিক আরিফ,আলমগীর হোসেন খোকা সহ চুয়াডাঙ্গা জেলা যুবলীগ নেতা মাসুদুর রহমান,দরূদ হাসান,হাসানুল ইসলাম পলেন,জুয়েল জোঃ,রামিম হাসান সৈকত,শেখ রাসেল,খালিদ মন্ডল সহ চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের নেতৃবৃন্দ।

গাংনী নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

গাংনী উপজেলার নওয়াপাড়া বাজার কমিটির আয়োজনে প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে ভাটপাড়া ফুটবল মাঠে খেলা অনুষ্ঠিত হয়। খেলায় এক দিকে অংশ গ্রহন করেন নওপাড়া বাজারের দক্ষিণ পার্শের ব্যবসায়ী অপরদিকে অংশ গ্রহন করেন উত্তর পার্শের ব্যবসায়ী বৃন্দ।

৯০ মিনিটের খেলায় ১-১ গোলে ড্র করেন উভয় দলের খেলোয়াড়। মাঠের কানাই কানাই পূর্ণ হয়ে ফুটবল খেলা উপভোগ করেন ফুটবল প্রীয় দর্শক।

খেলা পরিচালনা করেন ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক আতিয়ার রহমান। তার সহযোগিতায় সহকারী ছিলেন আদিল আহমেদ ও আরিফুল ইসলাম। দুই দলের সমতা গোলে খেলা নিষ্পত্তি করা হলেও দুই দলের খেলোয়াড় দের মাঝে মেডেল ও ট্রফি বিতরণ করা হয়। ট্রফি বিতরণ করেন নওপাড়া বাজার কমিটির সভাপতি আবুল বাসার ও সাধারণ সম্পাদক আরাফাত হোসেন।

এসময় উপস্থিত ছিলেন, বাজার কমিটির সহ সভাপতি হেলাল আহমেদ, কৃতি ফুটবলার আসাদুজ্জামান চৌধুরী মুকুল,সাংবাদিক আকতারুজ্জামান, প্রবীণ ব্যাক্তিত্ব হাজি ইয়াকুব আলী,রকিবুল ইসলামসহ স্থানীয় ব্যাক্তিবর্গ।

ধারা বিবরনে ছিলেন ইয়ারুল ইসলাম,আরিফ ও জয়নাল আবেদিন। ট্রফি গ্রহন করেন দুই দলের অধিনায়ক মিরাজুল ইসলাম মিলন ও নাজমুল হক।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ড্রিলশেডে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়েছে এ সময় ভালো কাজের স্বীকৃতিস্বরূপ ৪১ জনকে ক্রেস্ট, সার্টিফিকেট ও অর্থ পুরস্কার প্রদান করা হয়। মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুনের সভাপতিত্বে জুলাই মাসের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন উক্ত কল্যাণ সভায় অংশগ্রহণকারী সকল অফিসার- ফোর্সদের কথা মনোযোগ সহকারে শোনেন। পূর্ববর্তী কল্যাণ সভায় উপস্থাপিত বিষয়ে সমাধানসহ সার্বিক বিষয়ে আলোচনা করেন। চাহিদার প্রেক্ষিতে থানা/ক্যাম্প/ফাঁড়িতে দাপ্তরিক ব্যবহার্য জিনিস-পত্রাদি প্রদান করেন। চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত অফিসার ফোর্সদের বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জন করায় এবং দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় ভালকাজের স্বীকৃতি স্বরূপ সর্বমোট ৪১ জনকে পুলিশ সুপার ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করেন।

উক্ত কল্যাণ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, সহকারী পুলিশ সুপার(দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার হুমায়রা আক্তার, মোঃ আলমগীর কবীর, ডিআইও-১, জেলা বিশেষ শাখা, সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই (প্রশাসন), সকল ক্যাম্প ইনচার্জসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সবৃন্দ।

মেহেরপুর মাসিক উন্নয়ন সমন্বয়

ও জেলা কর্ণধর কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও জেলা কর্ণধর কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল থেকে পর্যায়ক্রমে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ দুটি সভা অনুষ্ঠিত হয়।

সকাল ১০ টার সময় জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে মাসিক উন্নয়ন সমন্বয় সভা ও জেলা কর্ণধর কমিটির সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান মহা: আব্দুস সালাম, মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক শামীম রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভু রামপাল, আরএমও ডাঃ মোখলেছুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, মেহেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক, বিআরডিবির উপ-পরিচালক জাকিরুল ইসলাম, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নীলা হাফিয়া, জেলা নির্বাচন কর্মকর্তা ওয়ালিউল্লাহ, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বিসহ জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।